

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/

তারিখ:

বিষয়: নিম্ন মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত) পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের ২৬-০২-২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/৮৫ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তে বিদ্যালয়টি ০১-০১-২০১৫ খ্রি. তারিখ থেকে ৩১-১২-২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে পরবর্তী মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হ'ল

শর্তাবলী

- ১। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
- ২। এ পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি নির্বাহী কমিটি গঠনপূর্বক অনুমোদনের জন্য অত্র বোর্ডে দাখিল করতে হবে। প্রতিষ্ঠাতা সদস্য কমিটির সভাপতি হবেন। (প্রতিষ্ঠাতা সদস্য সংক্রান্ত প্রামাণ্য কাগজপত্র অবশ্যই দাখিলকৃত কমিটির সাথে জমা দিতে হবে) এবং সদস্যদের মধ্য থেকে সভাপতি যে কোন একজনকে সদস্য সচিবের দায়িত্ব প্রদান করবেন।
- ৩। প্রবিধানমালা ২০০৯ এর ৪৮ বিধি অনুযায়ী নির্বাহী কমিটি যথাযথ নিয়মে প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষক নিয়োগ করবেন। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA- আইন-২০০৫ অবশ্যই অনুসরণ করতে হবে
- ৪। প্রাথমিক অনুমতিকে কোন অবস্থাতেই স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না
- ৫। উক্ত মেয়াদের মধ্যে অস্থায়ী স্বীকৃতি পাওয়ার শর্ত পূরণে ব্যর্থ হলে প্রদত্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে
- ৬। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখের এস.আর.ও নং-১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে
- ৭। আগামী ০৩ (তিন) বছরের জে.এস.সি পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে
- ৮। পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠপরিকল্পনা প্রণয়নপূর্বক পাঠদান করতে হবে
- ৯। বোর্ডের পূর্বনুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ কোন ক্রমেই উত্তোলন করা যাবে না
- ১০। জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন এবং ক্রীড়া ও সংস্কৃতিক কার্যক্রমের আয়োজন করতে হবে
- ১১। বিদ্যালয়ের চারিদিকে ফলবান ও গুঁষধি বৃক্ষ রোপন করতে হবে
- ১২। লাইব্রেরিতে বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে। ছোটদের বাংলা পিড়িয়া ও বাংলা একাডেমিক কর্তৃক প্রকাশিত বাংলা-বাংলা, বাংলা-ইংরেজি, ইংরেজি-বাংলা অভিধানসমূহ প্রতিটি ০৩(তিন) কপি করে ক্রয় করতে হবে
- ১৩। বিদ্যালয়ে ইন্টারনেট ব্যবহার উপযোগী সচল কম্পিউটার থাকতে হবে
- ১৪। দেয়াল পত্রিকা, স্কুল ম্যাগাজিন প্রকাশ করতে হবে



(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪

সদস্য সচিব

বর্ণমালা বিদ্যাপীঠ কামার পাড়া


ডাকঘর: শিমুলিয়া, উপজেলা : ঝিকরগাছা, জেলা : যশোর

স্মারক নং- বিঅ-৬/ ১০৭০(২২)

তারিখ: ২০১০/১১/১৫

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী, নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। জেলা প্রশাসক, যশোর
- ৫। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৬। জেলা শিক্ষা অফিসার, যশোর
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, যশোর সদর, যশোর
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল
- ১০। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১১। সংরক্ষিত কপি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর